মুজিববর্ষ MUJIB 100

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বরঃ ৪৬.০২.০০০০.২০২.৯৯.০০১.১৯-১৭৪০ ঃ ১৫-০৭-২০২০ খ্রিঃ।

প্রতি,

১। **অতিরিক্ত প্রধান প্রকৌশলী**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,
বিভাগঃ __(সকল)।

২। **তত্ত্বাবধায়ক প্রকৌশলী**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
অঞ্চলঃ ___(সকল)।

**বিষয় ঃ** **অতি বর্ষণ/বন্যায় এলজিইডি'র আওতায় ক্ষতিগ্রস্ত সড়ক ও সড়কে সেতু/কালভার্টের জরুরি রক্ষণাবেক্ষণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অতি বর্ষণ/বন্যায় এলজিইডি'র আওতায় গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক এবং যে-সকল সড়কে দৈনন্দিন বাস, ট্রাক, টেম্পু প্রভৃতি কমার্শিয়াল যানবাহন চলাচল করে সে-সকল গুরুত্বপূর্ণ সড়ক অথবা উক্ত সড়কের ব্রিজ-কালভার্ট ক্ষতিগ্রস্ত হয়ে পড়লে তা দ্রুত মেরামত/পুনর্বাসন করে সচল ও ব্যবহার উপযোগী করার সার্বিক পদক্ষেপ গ্রহণ করতে হবে। সে প্রেক্ষিতে ২০২০-২১ অর্থবছরের মেরামত ও রক্ষণাবেক্ষণ কর্মসূচীর আওতায় এ জাতীয় কার্যক্রম বাস্তবায়নে নিম্নেবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

(১) অতি বর্ষণ/বন্যা কবলিত এলাকা দ্রুত সরেজমিনে পরিদর্শনপূর্বক ক্ষতিগ্রস্ত সড়কের ক্ষয়-ক্ষতির পরিমাণ নিরূপণ করতঃ জরুরি রক্ষণাবেক্ষণের কার্যক্রম গ্রহণ করার জন্য নির্বাহী প্রকৌশলীর দপ্তর কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলনসমূহ (ক্ষতিগ্রস্ত অংগের স্থির চিত্র এবং উহার লোকেশনসহ) দ্রুত যাচাই-বাছাইপূর্বক যথানিয়মে অনুমোদন/সুপারিশ করতে হবে এবং বিষয়ে সংশ্লিষ্টদের বাস্তবসম্মত পরামর্শ প্রদান করতে হবে। উদাহরণস্বরূপ এ সংক্রান্ত সংক্ষিপ্ত কিছু কার্যপদ্ধতি এতদসংগে সংযুক্ত করা হলো;

(২) এলজিইডি'র আওতাধীন যে-সকল গুরুত্বপূর্ণ Life-line সড়কের অংশবিশেষ Washout হয়ে যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে অথবা Surface-এ এমন ধরণের খানা-খন্দ তৈরী হয়েছে যা নিয়মিত মোবাইল মেনটেন্যান্স টিম দ্বারা তাৎক্ষণিকভাবে মেরামতযোগ্য নয় অথবা সড়কের পার্শ্বঢাল আংশিক নষ্ট হওয়ার ফলে সড়কের অবশিষ্ট অংশ বিচ্ছিন্ন হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে অথবা ব্রিজ-কালভার্টের এ্যাপ্রোচ বা মূল কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে অথবা Abutment/Pier-Base Scour হয়ে Structure-এর বড় ধরণের ক্ষতির সম্ভবনা রয়েছে এরূপ ক্ষেত্রে জরুরি রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে;

(৩) চলমান Contract বন্যা কবলিত হলে সেগুলো সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সংগে আলোচনা ক্রমে চুক্তি বাতিল অথবা প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৪) বন্যার পানি সরে যাওয়ার সাথে সাথে উপজেলা, জেলা, অঞ্চল, বিভাগ/সদর দপ্তরের কারিগরি কর্মকর্তাদের সাথে যৌথভাবে সরেজমিনে পরিদর্শনপূর্বক সড়ক/ব্রিজ-কালভার্টের ক্ষতিগ্রস্ত অংশ মেরামতের জন্য সঠিক Treatment Option নির্ধারণ করে ন্যূনতম সময়ের মধ্যে প্রাক্কলন অনুমোদনসহ দরপত্র আহবান, মূল্যায়ন এবং ঠিকাদার নির্বাচন করে কাজ শুরু করতে হবে।

এ বিষয়ে দূর্যোগ সমন্বয় সেল/পিএমই ইউনিট এবং রক্ষণাবেক্ষণ ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকাকে অবহিত করে সমন্বয়পূর্বক দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ **বর্ণনামোতাবেক ০১(এক) ফর্দ দুই পৃষ্ঠা।**

১৫.০৭.২০২০


(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোন নম্বরঃ ০২-৯১২৪০২৭
E-mail: ce@lged.gov.bd


**অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী__(সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী__(সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক__(সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ__(সকল)।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ__(সকল)।

তাঁকে উপর্যুক্ত কার্যক্রমসমূহ নিবিড়ভাবে মনিটরিং এবং দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি-০১**

অতি বর্ষণ/বন্যায় এলজিইডি'র আওতায় গুরুত্বপূর্ণ উপজেলা, ইউনিয়ন ও গ্রামসড়ক (Life-line Road) অথবা উক্ত সড়কের ব্রিজ-কালভার্ট ক্ষতিগ্রস্ত হয়ে যোগাযোগ ব্যবস্থা ব্যহত অথবা আংশিক/সম্পূর্ণ বিছিন্ন হয়ে পড়লে তা দ্রুত মেরামত/পুনর্বাসন করে সচল ও ব্যবহার উপযোগী করার কতিপয় সংক্ষিপ্ত কর্মপদ্ধতিঃ

(১) গুরুত্বপূর্ণ Life-line সড়কের অংশবিশেষ Washout হয়ে অথবা ব্রিজ-কালভার্টের এ্যাপ্রোচ Washout হয়ে যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিছিন্ন হয়ে পড়লেঃ

1st Option ঃ Washout হয়ে যাওয়া অংশ Layer by Layer Compaction করে মাটি দিয়ে ভরাটপূর্বক HBB দ্বারা সড়কাংশ মেরামতের তড়িৎ ব্যবস্থা গ্রহণ করা (এ ক্ষেত্রে Excavator সহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ব্যবহার করা যেতে পারে); **[অথবা]**

2nd Option ঃ অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ সড়কের Washout হয়ে যাওয়া অংশ শুধুমাত্র Layer by Layer Compaction করে মাটি দিয়ে ভরাটপূর্বক সড়কাংশ মেরামতের ব্যবস্থা গ্রহণ করা; **[অথবা]**

3rd Option ঃ সাইকেল, রিক্সা, ভ্যান, মটর সাইকেল প্রভৃতি হালকা যানবাহন চলাচলের উপযোগি করে বাঁশের সাঁকো/ব্রিজ তৈরী করে সাময়িক যোগাযোগ ব্যবস্থা চালু রাখতে হবে।



HBB দ্বারা সড়কাংশ মেরামত



মাটি ভরাটপূর্বক সড়কাংশ মেরামত



বাঁশের সাঁকো/ব্রিজ দ্বারা সাময়িক যোগাযোগ ব্যবস্থা চালু করা।

(২) গুরুত্বপূর্ণ Life-line সড়ক Surface-এ বড় ধরণের খানা-খন্দের সৃষ্টি হওয়া অথবা সড়কের পার্শ্বঢাল আংশিক/সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়ে মূল পেভমেন্টের আংশিক ক্ষতিগ্রস্ত হয়ে পড়লেঃ

(ক) ক্ষতিগ্রস্ত অংশ Layer by Layer Compaction করে মাটি দিয়ে ভরাটপূর্বক HBB দ্বারা সড়কাংশ মেরামতের তড়িৎ ব্যবস্থা গ্রহণ করা; **[অথবা]**

(খ) ক্রমিক নম্বর ০১ এর 2nd Option-এ বর্ণনা অনুরূপ।



(৩) Land Slide/পাহাড় ধ্বসের মাটি সড়ক Surface-এ স্তুপাকারে জমা হয়ে যানবাহন চলাচলে প্রতিবন্ধকতার সৃষ্টি হলেঃ

সড়ক Surface-এ স্তুপাকারে জমাকৃত মাটি/আবর্জনা দ্রুত Excavator/Bull Dozer দিয়ে অপসারণের ব্যবস্থা নিতে হবে;







(৪) ব্রিজ-কালভার্টের এ্যাপ্রোচ অথবা Abutment/Pier-Base Scour হয়ে Structure-এর বড় ধরণের ক্ষতির সম্ভাবনা সৃষ্টি হলে;

অতি সত্ত্বর Soil Filled Geo-Bag Dumping করে অথবা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৫) ব্রিজ/কালভার্ট ভেঙ্গে গেলে অথবা Washout হয়ে যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিছিন্ন হয়ে পড়লেঃ

(ক) প্রয়োজনীয় সংখ্যক Pre-Cast RCC Pipe স্থাপনপূর্বক মাটি ভরাট করে মূল সড়ক অথবা Diversion সড়ক নির্মাণ করা; **[অথবা]**

(খ) সাইকেল, রিক্সা, ভ্যান, মটর সাইকেল প্রভৃতি হালকা যানবাহন চলাচলের উপযোগি করে বাঁশের সাঁকো/ব্রিজ তৈরী করা; **[অথবা]**

(গ) Bailly Bridge স্থাপন করে সাময়িক যোগাযোগ ব্যবস্থা চালু রাখতে হবে।

**অন্যান্য করণীয় বিষয়াবলীঃ**

- অতি বর্ষণ/বন্যায় পরবর্তী Re-storation কার্যাবলী নিবিড়ভাবে তদারকি করতে হবে;
- প্রতিনিয়ত Re-storation সংক্রান্ত প্রয়োজনীয় নির্ভুল তথ্যাদি (জিপিএস লোকেশনসহ ছবি) নির্দিষ্ট ছকে যথাযথভাবে লিপিবদ্ধ করে সদর দপ্তরের মনিটরিং এবং রক্ষণাবেক্ষণ ইউনিটে প্রেরণ করতে হবে;
- কোন প্রকার কালক্ষেপণ ব্যতিরেকে ন্যুনতম সময়ের মধ্যে Re-storation কার্যাদি সম্পাদন করতে হবে;
- জরুরি রক্ষণাবেক্ষণ প্রকৃতির কাজসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য ‘গ্রামীণ সড়ক’, ‘সেতু’ ও ‘কালর্ভাট’ মেরামত ও সংরক্ষণের আওতায় RFQ/DPM অথবা অন্যকোন Suitable Method অনুসরণ করে সম্পাদন করতে হবে;
- অতি বর্ষণ/বন্যায় ফলে সৃষ্ঠ বন্যার পানি সরে যাওয়ার সাথে সাথে উপজেলা, জেলা, অঞ্চল, বিভাগ/সদর দপ্তরের কারিগরি কর্মকর্তাদের সাথে যৌথভাবে সরেজমিনে পরিদর্শনকরে সড়ক/ব্রিজ-কালভার্টের ক্ষতিগ্রস্ত অংশ মেরামতের জন্য বাস্তবসম্মত এবং বাস্তবায়নযোগ্য Sustainable Treatment Option নির্ধারণপূর্বক স্কিম প্রস্তুত করতে হবে;
- অতঃপর উন্নয়ন বাজেট অথবা ‘গ্রামীণ সড়ক’, ‘সেতু’ ও ‘কালর্ভাট’ মেরামত ও সংরক্ষণের আওতায় বাস্তবায়নের নিমিত্তে ন্যুনতম সময়ের মধ্যে প্রাক্কলন অনুমোদনসহ দরপত্র আহবান, মূল্যায়ন এবং ঠিকাদার নির্বাচন করে কাজ শুরু করতে হবে;
- উন্নয়ন প্রকল্প অথবা রাজস্ব বাজেটের আওতায় কোন স্কিমের কাজ বাস্তবায়নের জন্য চুক্তি সম্পন্ন হয়েছে কিন্তু কাজ শুরু হয়নি এরূপ কোন সড়ক অথবা অবকাঠামো বন্যায় ক্ষতিগ্রস্ত হলে উক্ত চুক্তি বাতিল করে নতুনভাবে Assessment করে বাস্তবসম্মতভাবে স্কিম প্রস্তুতপূর্বক বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে;
- চলমান কাজের কোন একটি অংশ ক্ষতিগ্রস্ত হলে চুক্তি বহাল রেখে ক্ষতিগ্রস্ত অংশ নতুনভাবে Assessment করে বাস্তব সম্মতভাবে স্কিমের Variation প্রস্তাব প্রস্তুত করা যেতে পারে অথবা ক্ষতিগ্রস্ত অংশের জন্য নতুনভাবে স্কিম প্রনয়ণ করে পৃথক দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে; **[তবে এ জাতীয় কার্যক্রম অত্যন্ত দক্ষতার সংগে সম্পাদন করতে হবে, প্রয়োজনীয় Documentary Evidence সংরক্ষণ করতে হবে, Suitable Committee গঠনপূর্বক কমিটিকে সম্পৃক্ত করা যেতে পারে];**
- চলমান কাজটি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে থাকলে এবং বিদ্যমান চুক্তি বহাল রেখে বাস্তবায়ন সম্ভব না হলে, PPR-2008 এর Force Majure Clause অথবা সংশ্লিষ্ট বিধিবিধান অনুসরণ করে টিকাচুক্তি বাতিল করে, বাতিল পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে;
- দূর্যোগ পরবর্তী বাস্তবসম্মত Detailed Assessment অনুযায়ী Project Implementation Cost, DPP’র অনুমোদিত Cost অপেক্ষা বৃদ্ধি পেলে DPP সংশোধন ( Revision)-এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।